# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭০১

৪৫/ অনুমতি প্রার্থনা (كتاب الاستئذان والآداب عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ অমুসলিমদের সালাম দেওয়া নিষিদ্ধ।

باب مَا جَاءَ فِي التَّسْلِيمِ عَلَى أَهْلِ الذِّمَّةِ

আরবী

حَدَّثَنَا سَعِيدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْمَخْزُومِيُّ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عُرْوَةَ، عَنْ عَائِشَةَ، قَالَتْ إِنَّ رَهْطًا مِنَ الْيَهُودِ دَخَلُوا عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالُوا السَّامُ عَلَيْكَ . فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " عَلَيْكُمْ " . فَقَالَتْ عَائِشَةُ فَقُلْتُ بَلْ عَلَيْكُمُ السَّامُ وَاللَّعْنَةُ . فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " يَا عَائِشَةُ إِنَّ اللَّهَ يُحِبُّ الرِّفْقَ فِي الأَمْرِ كُلِّهِ " . قَالَتْ عَائِشَةُ أَلَمْ تَسْمَعْ مَا قَالُوا قَالَ " قَدْ قُلْتُ عَلَيْكُمْ " . وَفِي الْبَابِ عَنْ أَبِي بَصْرَةَ الْغِفَارِيِّ وَابْنِ عُمَرَ وَأَنَسٍ وَأَبِي عَبْدِ الرَّحْمَنِ الْجُهَنِيِّ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَائِشَةَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

২৭০১. সাঈদ ইবন আবদুর রহমান মাখযূমী (রহঃ) ..... আয়িশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদল ইয়াহূদী একবার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে প্রবেশ করে (সালাম-শান্তি হউক-এর স্থলে কৌশল করে) বললঃ আসসামু আলাইকা। তোমার মরণ হোক। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ ’আলাইকুম। আয়িশা (রাঃ) বলেন, আমি বললামঃ আলাইকুমুস সাম ওয়াল লা’নাত- তোমাদের প্রতি মরণ ও লানত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন বললেনঃ হে আয়িশা, আল্লাহ্ তা’আলা তো সব বিষয়ে নম্র ব্যবহার ভালবাসেন। আয়িশা (রাঃ) উত্তরে বললেনঃ আপনি কি শোনেন নি এরা কি বলেছে? তিনি বললেনঃ আমিও তো বলেছিঃ আলাইকুম- তোমাদের উপর আপতিত হোক।

সহীহ, রাওযুন নাযীর ৭৬৪, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৭০১ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবূ নাযরা গিফারী, ইবন উমর, আনাস, আবূ আবদুর রহমান জুহানী (রাঃ) থেকেও হাদীস বর্ণিত আছে। আয়িশা (রাঃ) বর্ণিত এই হাদীসটি হাসান সহীহ।

## English

Narrated 'Aishah:
that a group of Jews entered upon the Prophet (ﷺ) and they said: "As-Samu 'Alaik (death be upon you)." So the Prophet (ﷺ) said: "Wa 'Alaik (And upon you)." So 'Aishah said: "I said: '[Rather] upon you be death and the curse.'" So the Prophet (ﷺ) said: "O 'Aishah! Indeed Allah loves gentleness in every matter." 'Aishah said: "Did you not hear what they said?" He said: "And I replied: 'And upon you.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38053

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন